



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/৬১

তারিখঃ ১২ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৭০তম কমিশন সভা অদ্য ২৬/১২/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ

১. কপারটেক ইন্ডাস্ট্রিজ লিঃ এর প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ২.০০ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে কমিশন অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ২০.০০ (বিশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে প্র্যান্ট ও যন্ত্রপাতি (Plant & Machineries) ক্রয় ও স্থাপন, ভবন ও সিভিল ওয়ার্ক খাত, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৮ তারিখে সমাপ্ত বৎসরের সর্বশেষ নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নীট সম্পদ মূল্য (NAV without revaluation) টাকা ১২.০৬ (কোম্পানীটি কোন সম্পদ পুনঃমূল্যায়ন করেনি) এবং শেয়ার প্রতি আয় (EPS) টাকা ২.৬০ ও Diluted শেয়ার প্রতি আয় (EPS) টাকা ১.০৩। ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) টাকা ০.৮৭। কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে এমটিবি ক্যাপিটাল লিঃ।
২. ঢাকা স্টক এক্সচেঞ্জ ব্রোকারস্ এসোসিয়েশন এর আবেদনের প্রেক্ষিতে এবং পুঁজিবাজারের স্বার্থ তথা বিনিয়োগকারীদের স্বার্থের বিষয়টি বিবেচনায় নিয়ে কমিশন ইতোপূর্বে নির্দেশনা নং- BSEC/CMRRCD/2009-193/201 তারিখ আগস্ট ১৭, ২০১৭ এর মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 3(5) এর “----- The member shall not permit any new transactions in the margin account unless the resulting equity in the account would be not less than 150% of the debit balance” এর কার্যকারিতা স্থগিতাদেশের মেয়াদ আরও দুই বৎসর অর্থাৎ ৩১ শে ডিসেম্বর ২০২০ পর্যন্ত বর্ধিত করেছে।


25/12/2018

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।